

## ইউএনডিপি পরিচালিত ৮৩টি স্কুল বন্ধ হয়ে যাচ্ছে শিক্ষা কার্যক্রম থেকে বঞ্চিত হচ্ছে বান্দরবানের ১০ হাজার শিশু

### বান্দরবান প্রতিনিধি

বান্দরবান জেলায় ইউএনডিপি পরিচালিত ৮৩টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয় নতুন অর্থবছর থেকেই বন্ধ হয়ে যাচ্ছে। কর্তৃপক্ষের তহবিল বরাদ্দ না থাকায় এ সব বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম বন্ধ করা হচ্ছে। ফলে জেলার গ্রামীণ ও দুর্গম এলাকার প্রায় ১০ হাজার উপজাতীয় শিশু শিক্ষার্থীর-লেখাপড়াও অনিশ্চিত হয়ে পড়েছে। ফলে কর্মহীন হয়ে পড়বেন ৩ শতাধিক শিক্ষক-শিক্ষিকা।

মঙ্গলবার বিকালে পার্বত্য জেলা পরিষদের বাজেট সভায় পরিষদ চেয়ারম্যান ক্যুশৈ হ্লা এ-সব তথ্য দিয়েছেন। তিনি জানান, জেলার দুর্গম এলাকাগুলোয় স্থাপিত (সুবিধাবঞ্চিতদের জন্য) ৮৩টি প্রাথমিক বিদ্যালয় এতদিন পরিচালিত হয়ে আসছিল ইউএনডিপি'র অর্থায়নে।

নতুন অর্থবছর থেকে এ সব বিদ্যালয়ের জন্য নেই কোনো অর্থ বরাদ্দ। ফলে বন্ধ হয়ে যাবে বান্দরবান জেলার শিক্ষা কার্যক্রম পরিচালনা। তবে জেলা পরিষদ কর্তৃপক্ষ ইউএনডিপি'র উর্ধ্বতন মহলে যোগাযোগ রক্ষা করে চলেছে, যাতে করে এ সব বিদ্যালয়ের শিক্ষাক্রম অব্যাহত রাখা যায়।

পার্বত্য জেলা পরিষদ সদস্য ক্যাসা প্রঃ মারমা এবং লক্ষীপদ দাস বলেন, গ্রামীণ পর্যায়ে শিক্ষা থেকে জেলার দুর্গম এলাকার মানুষ এখনও পর্যাপ্ত সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত, এ অবস্থায় ইউএনডিপি পরিচালিত ৮৩টি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাক্রম আকস্মিকভাবে বন্ধ হয়ে গেলে এলাকার শিক্ষা কার্যক্রম ব্যাহত হতে পারে। বঞ্চিত হবে প্রায় ১০/১২ হাজার শিশু-কিশোর শিক্ষার্থী প্রাথমিক শিক্ষা অর্জন থেকে।

থানছি উপজেলা চেয়ারম্যান ক্যুহ্লাচিং মারমা এবং রোমাংছুড়ি সদর ইউপি'র সাবেক চেয়ারম্যান অংশৈ মং মারমা জানান, ইউএনডিপি পরিচালিত জেলায় ৮৩টি প্রাথমিক স্কুল বন্ধের সংবাদে তারা চরমভাবে ক্ষুব্ধ। স্কুলগুলো মানবিক কারণে চালু রাখা প্রয়োজন।